

উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী :

শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা

সভাপতি : রিনা ইসলাম  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ।  
তারিখ : ২২-০৩-২০২৩ খ্রি:  
সময় : দুপুর ১১:৩০ টা হতে দুপুর ১:৩০ টা।  
স্থান : উপজেলা পরিষদ মহিলা ভাইস চেয়ারম্যানের কক্ষ।

সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর কমিটির কার্যক্রমের নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রং	কমিটির নাম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির সভা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ১. মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমে প্রশিক্ষণপ্রাপ্ত নারীদের বিভিন্ন প্রকল্পে ক্ষুদ্রঋণ প্রদান করা হবে। এ বিষয়ে আবেদন আহ্বান করা হয়েছে। আবেদন পত্র পাওয়ার পর যাচাই বাছাই করে ঋণ প্রদান করা হবে। ২. মহিলা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২২ - ২০২৩ অর্থ বছরের সেলাই ট্রেডে ৪র্থ ব্যাচে ১০ জন প্রশিক্ষণার্থী বাছাই করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম আগামী ০১.০৪.২০২৩ তারিখ হতে শুরু হবে। ৩. নারী নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ রোধ, মাদক, সন্ত্রাস ইত্যাদি বিষয়ে বিভিন্ন ইউনিয়নে সচেতনতাবৃদ্ধিমূলক উঠান বৈঠক করা হচ্ছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।	১. প্রকৃত উদ্যোক্তা যেন ঋণ পায় সে ব্যবস্থা করতে হবে। ২. চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। ৩. সচেতনতা বৃদ্ধি কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লৌহজং। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও ট্রেড প্রশিক্ষক উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, স্থায়ী কমিটির সকল সদস্য

অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Rinam  
ইসলাম

(রিনা ইসলাম)

মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, লৌহজং ও  
সভাপতি

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি  
লৌহজং, মুন্সীগঞ্জ।

তারিখ : ২২/০৩/২০২৩ খ্রি.

22/03/2023

আরাধনা রানী কর্মকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও  
সদস্য সচিব  
মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি  
লৌহজং, মুন্সীগঞ্জ।

স্মারক নং ৩২.০১.৫৯৪৪.০০০.১৬.০০১.২০১৭.

সদয় অবগতির জন্য অনুলিপি:

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, লৌহজং, মুন্সীগঞ্জ।
৩. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
৪. অফিস কপি।